

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.৪২.০৪২.২০১৫ (অংশ)- ৭৮৪

তারিখ :

২৬ আষাঢ় ১৪২৪ বঃ

১০ জুলাই, ২০১৭ খ্রিঃ

বিষয়ঃ বিজ্ঞ আদালতে দায়েরকৃত/বিচারার্থীন/ চলমান ফৌজদারী মামলার তথ্যাদি সর্তকতার সাথে প্রেরণ।


সূত্রঃ জেলা প্রশাসক, নারায়ণগঞ্জের স্মারক নং-০৫.৪১.৬৭০০.৭০১.০৩.০১১.১৭-১৬৫, তারিখ- ১৩/০৬/২০১৭

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ কর্তৃক ০৯/০২/২০১৬ তারিখের ৫১নং স্মারকে ৭(১)২০১৪নং মামলাসহ ৭টি মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহিত হয়েছে মর্মে তথ্য প্রেরণ করা হয়। উক্ত তথ্যের ভিত্তিতে বিজ্ঞ আদালত কর্তৃক মামলার অভিযোগপত্র গৃহিত হওয়ায় সোনারগাঁ উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আজহারুল ইসলাম মন্সুরকে গত ১৬/০২/২০১৬ তারিখে সাময়িক বরখাস্ত করা হয়েছে। উক্ত সাময়িক বরখাস্ত আদেশটি মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক স্থগিত করা হয় এবং উক্ত স্থগিতাদেশ এখনও বহাল রয়েছে। আলোচ্য বিষয়গুলো জেলা প্রশাসককেও যথাসময়ে অবহিত করা হয়।

জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ পুনরায় গত ২৩/০২/২০১৭ তারিখের ১৬৫নং স্মারকে ৭(১)২০১৪ নং মামলাসহ আরো ৩ (তিন) টি মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহিত হয়েছে মর্মে উল্লেখপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। তাঁর প্রেরিত তথ্যের ভিত্তিতে একই মামলায় জনাব মোঃ আজহারুল ইসলাম মন্সুরকে পুনরায় সাময়িক বরখাস্ত করা হলে তা আদালত অবমাননার শামিল হতো। যথাযথ যাচাই-বাছাই ছাড়া এ ধরনের গুরুত্বপূর্ণ তথ্য উদ্ভব কর্তৃপক্ষের নিকট প্রেরণ জেলা প্রশাসকের মতো একজন দায়িত্বশীল কর্মকর্তার কাছ থেকে কোনভাবেই কাম্য নয়।

এছাড়া ১৩/০৬/২০১৭ তারিখের ১৬৫নং স্মারকে ২২(৫)১৩ নং মামলার স্বয়ংসম্পূর্ণ তথ্যাদি প্রেরণ না করায় উক্ত মামলার বিষয়ে কোন কার্যকর ব্যবস্থা গ্রহণ করা যায়নি।

বর্ণিত প্রেক্ষিতে, ফৌজদারী মামলা সংক্রান্ত এ ধরনের গুরুত্বপূর্ণ তথ্য উদ্ভব কর্তৃপক্ষের নিকট প্রেরণের ক্ষেত্রে তাঁকে ভবিষ্যতে আরো সতর্ক ও যত্নবান হওয়ার নির্দেশনা নির্দেশক্রমে প্রদান করা হলো।


৩০/৭/২০১৭
(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৭৭২৩০

e-mail: lgd.upazila2@gmail.com

জেলা প্রশাসক

নারায়ণগঞ্জ

অনুলিপিঃ

১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।